

তারিখ
পৃষ্ঠা ১২ কসাম

সেমিনারে রাষ্ট্রপতি বি. চৌধুরী বেসরকারি ভার্টিসিগুলোর শিক্ষা ব্যয় কমানো উচিত

নিম্নস্ব স্বার্থ পরিবেশক : রাষ্ট্রপতি ডা. এ.কিউ.এম বদরুদ্দোজা চৌধুরী প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে শিক্ষা ব্যয় কমানো এবং অধিক বিনিয়োগের মাধ্যমে মেধাবী ছাত্রছাত্রীদের বৃত্তি দেয়া উচিত বলে মত দিয়েছেন। তিনি প্রাইভেট বিশ্ববিদ্যালয়কে উদ্দেশ্য করে বলেন, কেবল বাণিজ্যের বাইরে গিয়ে প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি সামাজিক সম্পৃক্ততার দিকেও তাদের নজর দেয়া উচিত। রাষ্ট্রপতি একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় জন্য গণবিশ্ববিদ্যালয় এবং প্রাইভেট বিশ্ববিদ্যালয়কে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করার আহ্বান জানান।

বাংলাদেশের উচ্চশিক্ষায় প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ভূমিকা' শীর্ষক সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় গতকাল মঙ্গলবার তিনি একথা বলেন। শেরাটন হোটেলে অনুষ্ঠিত এই সেমিনারের আয়োজন করে যৌথভাবে আমেরিকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, বাংলাদেশ (AIUB), নর্থ সাউথ ইউনিভার্সিটি বাংলাদেশ (NSU), ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ (IUB) এবং আমেরিকান চেম্বার অফ কমার্স ইন বাংলাদেশ (AmCham)। সকাল ১০টায় শুরু দুই পর্বের অনুষ্ঠানের মধ্যে উদ্বোধনী পর্বে বক্তৃতা করেন বিশেষ অতিথি শিক্ষামন্ত্রী ড. মোহাম্মদ ওসমান ফারুক। বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মেরি অ্যান পিটারস IUB-র উপাচার্য অধ্যাপক বজলুল এম চৌধুরী, AIUB-র উপাচার্য কারমেন জেড পামাভা, NSU উপ-উপাচার্য অধ্যাপক হামিজ জি.এ সিদ্দিক। অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন অ্যাংমচারের সভাপতি আফতাব উল ইসলাম এবং উদ্বোধনী অনুষ্ঠান শেষে ধন্যবাদ বক্তৃতা করেন, অ্যাংমচার-এর পরিচালক আবদুল গফুর।

প্রধান অতিথির বক্তৃতায় রাষ্ট্রপতি বলেন, সরকার দেশের প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন, শিক্ষার মানোন্নয়ন এবং আমাদের জনগণের জীবনযাত্রার মানোন্নয়নের মাধ্যমে রাষ্ট্রীয় দায়িত্ব সম্পর্কে অভ্যস্ত সচেতন। তিনি উল্লেখ করেন, প্রাইভেট বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ অনুমোদন দেয়া হয়েছিল ১৯৯২ সালে তৎকালীন বিএনপি সরকারের আমলে। এর মাধ্যমে প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ওপর তাদের অসীকারের প্রতিফলন ঘটেছে বলেও রাষ্ট্রপতি উল্লেখ করেন।

শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বিশেষ অতিথির বক্তৃতায় উল্লিখিত সেমিনারকে একটি সময়োপযোগী উদ্যোগ হিসেবে আখ্যা দেন। তিনি এ সময় আশা প্রকাশ করেন, আগামী ২০২০ সালের মধ্যে দেশের শতকরা ৪০ ভাগ উচ্চশিক্ষার্থী প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের অধীনে শিক্ষা নেবে। শিক্ষামন্ত্রী গত '৯২ সালে তৎকালীন

বিএনপি সরকারের আমলে প্রাইভেট বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ অনুমোদনকে উচ্চ শিক্ষার ক্ষেত্রে একটি মাইলফলক বলে উল্লেখ করেন।

মার্কিন রাষ্ট্রদূত মেরি অ্যান পিটারস বলেন, তাদের দেশে শতকরা ৭০ ভাগ প্রাইভেট বিশ্ববিদ্যালয় রয়েছে। সেখানে ছাত্রছাত্রীদের বৃত্তি ছাড়াও বিভিন্ন সুযোগ-সুবিধা দেয়া হয়। বাংলাদেশেও অনুরূপ ব্যবস্থা চালু করা উচিত বলে তিনি মন্তব্য করেন। এছাড়া তিনি সরকারি বিশ্ববিদ্যালয় এবং প্রাইভেট বিশ্ববিদ্যালয়কে যৌথভাবে কাজ করার জন্য মতামত দেন।

এছাড়া AIUB, NSU এবং IUB-র উপাচার্যগণ তাদের বক্তৃতায় প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ইতিবাচক বিভিন্ন দিক তুলে ধরেন। তারা তাদের বিভিন্ন সমস্যা এবং তার সমাধানের জন্য সরকারের সহযোগিতা কামনা করেন।

উদ্বোধনী পর্বশেষে সেমিনারে উল্লিখিত বিষয়গুলো নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এ সময় দেশ ও দেশের বাইরের ৩০টি প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং প্রতিনিধিগণ আলোচনা করেন।

হাস্তার প্রজেক্ট প্রতিনিধিদল : বাসস জানায়, রাষ্ট্রপতি অধ্যাপক এ.কিউ.এম বদরুদ্দোজা চৌধুরী মঙ্গলবার শিখরের প্রতি তাদের স্বাস্থ্য, পুষ্টি, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও পড়ালেখার ব্যাপারে সচেতন হওয়ার আহ্বান জানিয়েছেন। একই '৯২ তিনি দেশের উজ্জ্বল ভবিষ্যতের জন্য পুষ্টি ও স্বাস্থ্যসেবাকে ঘৃণা করতেও শিখতেই প্রতি আহ্বান জানান।

রাষ্ট্রপতি বক্তৃতাবনে হাস্তার প্রজেক্টের ১শ' সদস্যের একটি প্রতিনিধিদলের সঙ্গে সাক্ষাতের সময় এই আহ্বান জানান। প্রতিনিধিদলে ছিলেন প্রাথমিক স্কুলছাত্র, বেচ্ছাসেবী এবং প্রজেক্টের নির্বাহী কর্মকর্তারা। হাস্তার প্রজেক্টের কান্ট্রি ডিরেক্টর ড. বদিউল আলম মজুমদার প্রতিনিধিদলের নেতৃত্ব দেন।

পরিষ্কার-পরিচ্ছন্নতার ব্যাপারে রাষ্ট্রপতির আহ্বানের পরিপ্রেক্ষিতে প্রজেক্টের পক্ষ থেকে নেইল কাটার বিভরণের একটি কর্মসূচির উদ্যোগ নেয়া হয়েছে। রাষ্ট্রপতি মঙ্গলবার বক্তৃতাবনে আনুষ্ঠানিকভাবে এ কর্মসূচির উদ্বোধন করেন।